

ইবি প্রক্টরের পদত্যাগ দাবিতে বিক্ষোভ

ইবি প্রতিনিধি

২৩ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৩ সেপ্টেম্বর ২০১৯ ০১:৪৫

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) প্রক্টর অধ্যাপক ড. মাহবুবুর রহমানের পদত্যাগের দাবিতে বিক্ষোভ করেছেন ছাত্রলীগের বিদ্রোহী গ্রুপের কর্মীরা। বিদ্রোহী গ্রুপের ছাত্রলীগ নেতা মিজানুর রহমান লালনের নেতৃত্বে আন্দোলনে নামেন তারা। রবিবার দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে তালা দিয়ে প্রশাসন ভবনের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন ছাত্রলীগ কর্মীরা। রাতে এ রিপোর্ট লেখার সময়ও তাদের বিক্ষোভ চলছিল।

এ ব্যাপারে বিদ্রোহী গ্রুপের ছাত্রলীগ নেতা মিজানুর রহমান লালন বলেন, একজন বিতর্কিত ব্যক্তিকে প্রশাসন প্রক্টর হিসেবে নিয়োগ দিয়েছে। আমরা অন্য যে কোনো শিক্ষককে প্রক্টর হিসেবে মেনে নেব। কিন্তু তাকে নয়। আমরা তার পদত্যাগ চাই।

এ বিষয়ে প্রগতিশীল শিক্ষক সংগঠন শাপলা ফোরামের সাধারণ সম্পাদক ও প্রক্টর অধ্যাপক ড. মাহবুবুর রহমান বলেন, দায়িত্ব নেওয়ার পরই আমি মাদকের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছি। এ কারণে ছাত্রলীগের বিদ্রোহী গ্রুপ আমার বিপক্ষে অবস্থান নিয়েছে।

advertisement

নাম প্রকাশে অনিচ্ছুক বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থী এক শিক্ষক বলেন, প্রক্টর হিসেবে ড. মাহবুবুরের মতো দক্ষ ও প্রশাসনিক ব্যক্তি খুব কমই আছে। বিশ্ববিদ্যালয় পরিবেশকে শান্তিপূর্ণ ও স্থিতিশীল রাখতে বিভিন্ন সময় তাকে কঠোর থেকে কঠোর হতে হয়েছে। এজন্য ছাত্রলীগের একটি গ্রুপ ও শিক্ষকসহ বিভিন্ন মহলে আশার প্রতিফলন না ঘটায় তারা বিভিন্ন কায়দায় পেছন থেকে কলকাঠি নাড়ছে।

এদিকে শাখা ছাত্রলীগের সভাপতি রবিউল ইসলাম পলাশ বলেন, শেখ হাসিনার কর্মী হিসেবে কোনো ছাত্রলীগ নেতাকর্মীর এমন কর্মকাণ্ড- কাম্য নয়। ছাত্রলীগকে এক হয়ে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।